তারিখ : 02-JAN-2015
পৃষ্ঠা : ৪

# হাতে বই, মুখে হাসি

প্রিয় দেশ ডেস্ক ▶

সারা দেশে বই উৎসব অনুষ্ঠিত হয়েছে গতকাল। নতুন বছরের প্রথম দিনে নতুন বই হাতে পেয়ে আনন্দ-উল্লাসে মেতে ওঠে শিক্ষার্থীরা। এ ব্যাপারে আমাদের নিজস্ব প্রতিবেদক ও প্রতিনিধিদের পাঠানো খবর :

**শেরপুর :** শেরপুর মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বই উৎসবের উদ্বোধন করেন জেলা প্রথমিক শিক্ষা কর্মকর্তা মো. নাছির উদ্দিন আহমদ। এ সময় অতিরিক্ত জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো. হাবিবুর রহমান, উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা আব্দুল্লাহ আল বাকী, স্কুলের প্রধান শিক্ষিকা রোখসানা আজমেরী প্রমুখ উপস্থিত ছিলেন। জেলায় এবার দুই লাখ ৬৯ হাজার ৫৩৬ জন প্রাথমিক শিক্ষার্থীর মধ্যে ১২ লাখ ৪০ হাজার ৮৮৬ কপি বই বিতরণ করা হয়েছে।

**ময়মনসিংহ :** সদর উপজেলার বিদ্যাগঞ্জ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বই উৎসবের উদ্বোধন করেন জেলা প্রশাসক মুস্তাকীম বিল্লাহ ফারুকী। এ সময় উপস্থিত ছিলেন জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো. শফিউল হক। পৌর মেয়র ইকরামুল হক টিটু শহরের কুমার উপেন্দ্র বিদ্যাপীঠ, ময়মনসিংহ উচ্চ বিদ্যালয়, ভাসানী স্মৃতি প্রাথমিক বিদ্যালয়, আইডিয়াল ইন্টারন্যাশনাল স্কুল অ্যান্ড কলেজ ও নওমহল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বই উৎসবের উদ্বোধন করেন।

**মানিকগঞ্জ :** জেলা শহরের এস কে সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে বই উৎসবের উদ্বোধন করেন স্বাস্থ্য ও পরিবারকল্যাণ প্রতিমন্ত্রী জাহিদ মালেক স্বপন। এ সময় উপস্থিত ছিলেন জেলা প্রশাসক রাশিদা ফেরদৌস। এবার জেলার ৮১০টি প্রাথমিক বিদ্যালয়ের দুই লাখ ৮০ হাজার শিক্ষার্থীর মধ্যে ৯ লাখ ৯৩ হাজার এবং ১৬৫টি মাধ্যমিক বিদ্যালয় ও ৩০টি মাদ্রাসার এক লাখ ১৭ শিক্ষার্থীর মধ্যে ১৪ লাখ কপি বই বিতরণ করা হয়েছে।

**গফরগাঁও (ময়মনসিংহ) :** গফরগাঁও উপজেলার ইসলামিয়া সরকারি হাই স্কুল প্রাঙ্গণে অনুষ্ঠিত বই উৎসবে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান আশরাফ উদ্দিন বাদল। এ সময় উপজেলার প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের লক্ষাধিক শিক্ষার্থীর মধ্যে প্রায় ১১ লাখ বই বিতরণ করা হয়।

**রূপগঞ্জ (নারায়ণগঞ্জ) :** রূপগঞ্জ উপজেলার ৪০ হাজার শিক্ষার্থীর মধ্যে বই বিতরণ করা হয়েছে। স্থানীয় সংসদ সদস্য গাজী গোলাম দস্তগীর (বীরপ্রতীক) ও উপজেলা চেয়ারম্যান প্রতিটি ইউনিয়ন ঘুরে ঘুরে শিক্ষার্থীদের হাতে বই তুলে দেন। গতকাল সকালে উপজেলা পরিষদ ও ভুলতা এলাকায় স্কুলশিক্ষার্থী, শিক্ষক ও অভিভাবকরা বর্ণাঢ্য শোভাযাত্রা বের করে। এতে অংশ নেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. লোকমান হোসেন, ভুলতা স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ আব্দুল আউয়াল প্রমুখ।

**মুন্সীগঞ্জ :** জেলা সদর, টঙ্গিবাড়ী, গজারিয়া, শ্রীনগর, লৌহজং ও সিরাজদিখান উপজেলায় শিক্ষার্থীদের মধ্যে প্রায় ২৬ লাখ বই বিতরণ করা হয়েছে। গতকাল দুপুরে জেলা শহরের পুরাতন কাচারী মুন্সীগঞ্জ বহুমুখী উচ্চ বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত বই উৎসবে প্রধান অতিথি ছিলেন অ্যাডভোকেট মৃণাল কান্তি দাস, এমপি। পরে শিক্ষার্থীদের হাতে বই তুলে দেওয়া হয়।

**টঙ্গী (গাজীপুর) :** টঙ্গীতে গতকাল সিরাজ উদ্দিন সরকার বিদ্যানিকেতন অ্যান্ড কলেজ, সফিউদ্দিন সরকার একাডেমি অ্যান্ড কলেজ, টঙ্গী পাইলট স্কুল অ্যান্ড গার্লস কলেজ, হাজী কছিমউদ্দিন পাবলিক স্কুল, হাজী সৈয়দ আলী উচ্চ বিদ্যালয়, সাহাজ উদ্দিন সরকার উচ্চ বিদ্যালয়, টিঅ্যান্ডটি কলোনি আদর্শ উচ্চ বিদ্যালয়, কাদেরিয়া টেক্সটাইল মিলস উচ্চ বিদ্যালয়সহ সব শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মধ্যে বই বিতরণ করা হয়েছে।

**ফরিদপুর :** সদর উপজেলার কোমরপুর আব্দুল আজিজ ইনস্টিটিউশনে বই উৎসবের উদ্বোধন করেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. জহিরুল ইসলাম। পরে স্কুলের এক হাজার ২০০ শিক্ষার্থীর হাতে বই তুলে দেওয়া হয়েছে। গতকাল জেলায় প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের মাঝে ১০ লাখ চার হাজার ৬৩০টি বই বিতরণ করা হয়েছে।



বই উৎসব

**বাগেরহাট :** জেলা শহরের সাহাপাড়া সরকারি প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত বই উৎসবে প্রধান অতিথি ছিলেন বাগেরহাট-২ আসনের সংসদ সদস্য এবং মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি অ্যাডভোকেট মীর শওকাত আলী বাদশা। গতকাল স্কুলের পাঁচ শতাধিক শিক্ষার্থীকে বই দেওয়া হয়েছে।

**গোপালগঞ্জ :** জেলা শহরের এস এম মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে বই উৎসবের উদ্বোধন করেন অতিরিক্তি জেলা প্রশাসক (শিক্ষা ও আইটিসি) মো. রফিকুল ইসলাম। স্কুলের শিক্ষার্থীদের হাতে বই তুলে দেওয়ার মাধ্যমে এ উৎসবের উদ্বোধন করা হয়।

**চাঁদপুর :** জেলার প্রায় দুই হাজার শিক্ষাপ্রতিষ্ঠানের লক্ষাধিক শিক্ষার্থীকে বই দেওয়া হয়েছে। জেলা সদরে সাবেক পররাষ্ট্রমন্ত্রী ডা. দীপু মনি, এমপি এবং ফরিদগঞ্জ উপজেলায় ড. শামছুল হক ভূঁইয়া, এমপি কোমলমতী শিক্ষার্থীদের হাতে বই তুলে দেন। নতুন বই পেয়ে শিক্ষার্থীরা আনন্দে মেতে ওঠে।

**সাতক্ষীরা :** জেলার সাতটি উপজেলায় মাধ্যমিক পর্যায়ে ২৬ লাখ ৩২ হাজার ৩৪১টি এবং প্রাথমিক পর্যায়ে ১২ লাখ ৬৮ হাজার ৪০০টি বই বিতরণ করা হয়েছে। গতকাল সাতক্ষীরা সরকারি উচ্চ বিদ্যালয় মাঠে বই উৎসবের উদ্বোধন করেন প্রধান অতিথি জেলা প্রশাসক নাজমুল আহসান। এ সময় সাতক্ষীরা পৌর মেয়র এম এ জলিল, জেলা শিক্ষা কর্মকর্তা মো. আমিনুল ইসলাম টুকু প্রমুখ উপস্থিত ছিলেন।

**নওগাঁ :** জিলা স্কুল মাঠে অনুষ্ঠিত বই উৎসবে প্রধান অতিথি ছিলেন নওগাঁ সদর আসনের সংসদ সদস্য আব্দুল মালেক। এ সময় জেলা প্রশাসক এনামুল হক, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট মেহেদী উল শহিদ প্রমুখ উপস্থিত ছিলেন। পরে শহরের সব মাধ্যমিক স্কুলের শিক্ষার্থীদের তিনি বই তুলে দেওয়া হয়।

**হবিগঞ্জ :** হবিগঞ্জ সরকারি উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত বই উৎসবে প্রধান অতিথি ছিলেন হবিগঞ্জ-৩ আসনের সংসদ সদস্য অ্যাডভোকেট মো. আবু জাহির। গতকাল জেলায় মাধ্যমিক পর্যায়ের এক লাখ ৪০ হাজার শিক্ষার্থীর মধ্যে ২৪ লাখ এবং প্রাথমিক পর্যায়ের তিন লাখ ৪৯ হাজার শিক্ষার্থীর মধ্যে ২০ লাখ বই বিতরণ করা হয়েছে।

**ঝালকাঠি :** ঝালকাঠি সরকারি উচ্চ বিদ্যালয় মাঠে বই উৎসবের উদ্বোধন করেন প্রধান অতিথি শিল্পমন্ত্রী আমির হোসেন আমু। তিনি স্কুলের শিক্ষার্থীদের হাতে বই তুলে দেন। গতকাল জেলায় প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের প্রায় ১৬ লাখ শিক্ষার্থীর মধ্যে নতুন বই বিতরণ করা হয়েছে।

**মাগুরা :** জেলা শহরের ১ নম্বর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের হাতে বই তুলে দিয়ে উৎসবের উদ্বোধন করেন জেলা প্রশাসক মুহম্মদ মাহবুবর রহমান। গতকাল জেলায় প্রাথমিক পর্যায়ের তিন লাখ ৭০ হাজার ৫৬৯ শিক্ষার্থীর মধ্যে ১৬ লাখ ৯২ হাজার ১৫৬ ও মাধ্যমিক পর্যায়ের ৭৮ হাজার ৮৯০ শিক্ষার্থীর মধ্যে ১০ লাখ ৫১ হাজার ৫১২ এবং ৮০টি মাদ্রাসায় ৩৩ হাজার ৩৪৫ শিক্ষার্থীর মধ্যে তিন লাখ ৫১ হাজার ৭২২টি বই বিতরণ করা হয়েছে।

**নীলফামারী :** জেলার হরিবল্লব সরকারি প্রাথমিক বিদ্যালয় চত্বরে বই উৎসবের উদ্বোধন করেন জেলা প্রশাসক জাকীর হোসেন। গতকাল জেলায় প্রাথমিক পর্যায়ে ১৯ লাখ ১০ হাজার ৮৯৩ এবং মাধ্যমিক পর্যায়ে ২০ লাখ ৮৮ হাজার ৬৯০টি বই বিতরণ করা হয়েছে।

**কুড়িগ্রাম :** কুড়িগ্রাম সরকারি বালিকা বিদ্যালয় এবং কিশলয় আদর্শ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বই উৎসবের উদ্বোধন করেন জেলা প্রশাসক এ বি এম আজাদ। গতকাল জেলায় প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ে ৪৫ লাখ ১৬ হাজার ১৯টি বই বিতরণ করা হয়েছে।

**খাগড়াছড়ি :** মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সংসদ সদস্য কুজেন্দ্র লাল ত্রিপুরা ও সরকারি উচ্চ বিদ্যালয়ে খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ চেয়ারম্যান চাইথোঅং মারমা বই উৎসবের উদ্বোধন করেন। জেলায় এবার প্রাথমিক পর্যায়ে এক লাখ এবং মাধ্যমিক পর্যায়ে প্রায় ৩৫ হাজার শিক্ষার্থীর মধ্যে বই বিতরণ করা হচ্ছে।

**ভোলা :** জেলা শহরের ভোলা সরকারি বালক উচ্চ বিদ্যালয়ে, সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে, চরজংলা সরকারি প্রাথমিক মডেল স্কুল, এ রব মাধ্যমিক বিদ্যালয়, নলিনী দাস মাধ্যমিক বিদ্যালয়সহ বিভিন্ন স্কুলে গতকাল বই উৎসব অনুষ্ঠিত হয়েছে। জেলায় এবার তিন লাখ ৩২ হাজার প্রাথমিক শিক্ষার্থীদের মধ্যে ১৬ লাখ ৮০ হাজার ৭৭৫ এবং মাধ্যমিক শিক্ষার্থীদের মধ্যে ১৩ লাখ ৮৬ হাজার ২২০টি বই বিতরণ করার কথা রয়েছে।

**গাইবান্ধা :** গাইবান্ধা কলেজিয়েট সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে অনুষ্ঠিত বই উৎসবে প্রধান অতিথি ছিলেন জাতীয় সংসদের হুইপ মাহাবুব আরা বেগম গিনি, এমপি। সরকারি বালক উচ্চ বিদ্যালয় মাঠে এ উৎসবের উদ্বোধন করেন জেলা প্রশাসক মো. এহছানে এলাহী। গতকাল জেলার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীদের হাতে বই তুলে দেওয়া হয়।

**নাটোর :** জেলা শহরের দিঘাপতিয়া পিএন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের হাতে বই তুলে দিয়েছেন স্থানীয় সংসদ সদস্য শফিকুল ইসলাম শিমুল। এ সময় জেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মোকসেদুল ইসলাম, জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা নকীসা বেগম উপস্থিত ছিলেন।

**পিরোজপুর :** পিরোজপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে বই উৎসবের উদ্বোধন করেন জেলা প্রশাসক এ কে এম শামিমুল হক সিদ্দিকী। গতকাল জেলার সব স্কুলের প্রথম থেকে দশম শ্রেণির শিক্ষার্থীদের মধ্যে বই বিতরণ করা হয়।

**রাজশাহী :** রাজশাহী গর্ভমেন্ট ল্যাবরেটরি স্কুলে বই উৎসবের উদ্বোধন করেন প্রধান অতিথি স্থানীয় সংসদ সদস্য ফজলে হোসেন বাদশা। এবার রাজশাহী নগরীতে দুই লাখ ৬৫ হাজার ১৭৬, পবায় এক লাখ ৭৪ হাজার, দুর্গাপুরে এক লাখ ৬১১, পুঠিয়ায় এক লাখ ১৫ হাজার ৮০০, চারঘাটে এক লাখ ১৯ হাজার ২২৩, মোহরপুরে এক লাখ দুই হাজার ৪০৬, গোদাগাড়ীতে দুই লাখ ৪৮ হাজার ৬৯১, তানোরে এক লাখ ২৯ হাজার ৬৭৫ এবং বাগমারায় দুই লাখ ২৪ হাজার ৭৬০ কপি বই বিতরণ করা হচ্ছে।

**মাদারীপুর :** জেলা সদরের পৌর মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে শিক্ষার্থীদের মধ্যে বই বিতরণ করে উৎসবের উদ্বোধন করেন জেলা প্রশাসক জি এস এম জাফরউল্লাহ। এ সময় অন্যদের মধ্যে বক্তব্য দেন জেলা শিক্ষা কর্মকর্তা আব্দুর রহিম মিয়া, সহকারী শিক্ষা কর্মকর্তা নিয়ামত হোসেন, স্কুলের প্রধান শিক্ষক দিলওয়ারা বেগম প্রমুখ।